

নাজিমউদ্দিন কলেজে ২৬ শিক্ষক পদ শূন্য

■ মাদারীপুর প্রতিনিধি

মাদারীপুর সদরের সরকারি নাজিমউদ্দিন কলেজে বর্তমানে শিক্ষকের ২৬টি পদ শূন্য রয়েছে। ইংরেজি/বাংলা বিভাগসহ বিভিন্ন বিভাগে পদগুলো শূন্য থাকায় শিক্ষার্থীদের লেখাপড়া ব্যাহত হচ্ছে। কলেজ সূত্রে জানা গেছে, ২৬টি পদের মধ্যে সহকারী অধ্যাপকের ১টি, সহযোগী অধ্যাপকের ৩টি এবং প্রভাষকের ২২টি পদ রয়েছে। বর্তমানে ইসলামী শিক্ষা বিভাগের সহকারী অধ্যাপকের একটি পদ শূন্য। এছাড়া বাংলা, হিসাববিজ্ঞান ও অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপকের ৩টি পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে। এছাড়া ইংরেজি বিভাগের ২টি ও বাংলা বিভাগের ২টি পদসহ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি একটি, দর্শন ২টি, হিসাববিজ্ঞান ৩টি, ব্যবস্থাপনা একটি, উদ্ভিদবিজ্ঞান ৩টি, গণিত একটি, পদার্থবিজ্ঞান একটি, প্রাণীবিজ্ঞান একটি, অর্থনীতি ২টি, সংস্কৃত একটি, কৃষিশিক্ষা একটি ও ভূগোল বিভাগের একটি প্রভাষকের পদ বর্তমানে শূন্য রয়েছে। ঐতিহ্যবাহী এ কলেজটিতে সম্মান কোর্সসহ ১০ সহস্রাধিক শিক্ষার্থী রয়েছে। এলাকার অভিজাতকরা কলেজটির শূন্য পদে অবিলম্বে শিক্ষক নিয়োগের আবেদন জানিয়েছেন।